

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাব-রেজিস্ট্রারের কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর।
<http://sr.birganj.dinajpur.gov.bd>

স্মারক নং- সাব-রেজিঃ/বীরঃ/দিনাজঃ/ ১০৭

তারিখঃ বাং- ২৯/১২/১৪২৪ সন।
ইং- ১২/০৪/২০১৮ খ্রিঃ।

চূড়ান্ত নোটিশ

এতদ্বারা সর্বসাধারণ ও অত্র অফিস হইতে সনদপ্রাপ্ত সকল দলিল লেখক, স্ট্যাম্প ভেডারগণের অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এই মর্মে জানানো যাইতেছে যে, মহা পরিদর্শক, নিবন্ধন, বাংলাদেশ, ঢাকা মহোদয়-এর ০৬/১০/২০১৬ খ্রিঃ তারিখের নিপ/রেজিঃশাখাঃ-৪(টাঃবিঃ)/১১৮১৫(৬১) নং স্মারকপত্রের নির্দেশ এবং জেলা রেজিস্ট্রার, দিনাজপুর মহোদয়-এর ০৯/১১/২০১৬ খ্রিঃ তারিখের ৯৫৭(১৩) নং স্মারকপত্র মোতাবেক অত্র বীরগঞ্জ সাব-রেজিস্ট্রি অফিসে ৩১/১২/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত এবং এর পূর্ববর্তী সময়ে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সমাপ্তকৃত (নকল ও সূচী কাজ সমাপ্তকৃত) দাবী বিহীন অবস্থায় অফিসে পড়িয়া থাকায় দলিল সমূহ (রেজিস্ট্রিকৃত ও অগ্রাহকৃত উভয় প্রকার) রেজিস্ট্রেশন আইন (১৯০৮ সনের ১৬ নং আইন) এর ৮৫ ধারার অধীনে উইল (অছিয়তনামা) দলিল ব্যতীত সকল প্রকার দলিলপত্রাদি সমূহ আগামী ২৬/০৪/২০১৮ খ্রিঃ তারিখে ধ্বংস বা বিনষ্ট করিয়া ফেলা হইবে। বিধায় উক্ত নির্ধারিত ২৬/০৪/২০১৮ খ্রিঃ তারিখের পূর্বেই (রেজিস্ট্রির সময় প্রদত্ত ৫২ ধারা রসিদ) দাখিল করিয়া অত্র অফিস হইতে দলিলগুলি যথাসময়ে ফেরৎ লইবার জন্য স্ব-স্ব পক্ষগণকে অনুরোধ করা যাইতেছে। প্রকাশ থাকে যে, উক্ত সময়ে সংশ্লিষ্ট দলিল সমূহের পুরাতন নথিপত্র সমূহ নিলাম ডাকে বিক্রয় করা হইবে। নিলাম ডাকের তারিখ ও সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করিয়া জানা যাইবে।

শ্রী:-

(মোঃ জহুরুল ইসলাম)

সাব-রেজিস্ট্রার(খন্ডকালিন)

বীরগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং- সাব-রেজিঃ/বীরঃ/দিনাজঃ/

তারিখঃ বাং- ২৯/১২/১৪২৪ সন।
ইং- ১২/০৪/২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য :-

০১। জেলা রেজিস্ট্রার, দিনাজপুর।

০২। নোটিশ বোর্ড।



(মোঃ জহুরুল ইসলাম)

সাব-রেজিস্ট্রার(খন্ডকালিন)

বীরগঞ্জ, দিনাজপুর।